তারিখ ....29 FEB 2016
পৃষ্ঠা ...2... কলাম...6...

যুগান্তর

# বাউবির বিএ বিএসএস পরীক্ষার ফল প্রকাশ

## পাসের হার ৭৫.০৬%

গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএ, বিএসএস পরীক্ষা-২০১৪-এর চূড়ান্ত ফল প্রকাশিত হয়েছে। পাশের হার ৭৫ দশমিক ০৬%। চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা ৪৬ হাজার ৫৯৫ জন। উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা ৩৪ হাজার ৯৭৪ জন। উত্তীর্ণ পুরুষ শিক্ষার্থী ১৭ হাজার ৮৪৫ পাসের হার ৭৩ দশমিক ১৫%। মহিলা শিক্ষার্থী ১৭ হাজার ১২৯ পাসের হার ৭৭ দশমিক ১৬%। একই সঙ্গে ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ সেমিস্টারের ২ লাখ ৫০ হাজার ৩৮৫ জন শিক্ষার্থীর বিষয়ভিত্তিক ফলও প্রকাশিত হয়েছে। এ পরীক্ষার ফল বাউবির সব আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে পাওয়া যাবে। চূড়ান্তভাবে উত্তীর্ণ পরীক্ষার্থীদের ফলাফল http://bou.ac.bd এবং সেমিস্টারভিত্তিক ফলাফল http://exam.bou.edu.bd পাওয়া যাবে। এছাড়া SMS-এর মাধ্যমে চূড়ান্ত ফলাফল পাওয়ার জন্য bou<space>student ID (11digits without any space, for example 10023810001) লিখে বাংলালিংক এ ২৭০০ এবং অন্য অপারেটরে ২৭৭৭-এ পাঠাতে হবে।